

‘ সময়ের কণ্ঠস্বর ‘



ড. দিলারা বেগম

বাংলাদেশে নারীদের জীবনে অনেক ইতিবাচক অর্জনের পাশাপাশি আছে নানারকম সংকট। সব সংকট ছাপিয়ে সামাজিক জীবনের বিভিন্ন কর্মকাণ্ডে নাগরিক আন্দোলনে, নারী মানবাধিকার উন্নয়ন সংগঠনের মূল সংগঠক ও নেতৃত্বের ভূমিকায় সহস্র নারী আজ দায়িত্বশীল ভূমিকা পালন করছেন। দিন দিন বাড়ছে এর সংখ্যা।

অর্থনীতির মূল প্রোত্‌ধারায় শিল্প, ব্যাংক-বীমা, কলকারখানা, ব্যবসা-বাণিজ্য, নির্মাণ শিল্প, কৃষি থেকে শুরু করে প্রায় সব ধরনের পেশায়- প্রশাসন, সাংবাদিকতা, আইন, চিকিৎসা থেকে শুরু করে শান্তি মিশনে বাংলাদেশের নারীর বলিষ্ঠ ও সক্রিয় ভূমিকা দিন দিন উজ্জ্বলতর হচ্ছে।

নারীদের এই অগ্রযাত্রায় শত প্রতিকূলতার মধ্যে থেকেও যারা সমাজে ভূমিকা রাখছে তাদের একজন ড. দিলারা বেগম। সম্প্রতি তিন সপ্তাহের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে সরকারের আমন্ত্রিত অতিথি হিসাবে আন্তর্জাতিক ডিজিটাল লিডারশিপ প্রোগ্রাম (IVLP) তে অংশগ্রহণের উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থান করে এসেছেন। বাংলাদেশের পক্ষে তার এই প্রতিনিধিত্ব নিঃসন্দেহে আমাদের দেশের মুখ উজ্জ্বল করার মত একটি ব্যাপার।

সময়ের কণ্ঠস্বরের সাথে একান্ত আলাপচারিতায় ড. দিলারা বলেন, দেশের অসহায় নারীদের জন্য তার স্বপ্নের কথা, উন্নত বিশ্বের তুলনায় অপেক্ষাকৃত পিছিয়ে পড়া নারীদের সীমাবদ্ধতা কাটিয়ে মাথা উচু করে সমাজে দাড়াবার ক্ষেত্র তৈরি করতে পুরুষের উদারতা এবং পজিটিভ দৃষ্টিভঙ্গি অনেক বেশি জরুরী বলেও জানালেন তিনি।

ওয়াশিংটন ডিসিতে আন্তর্জাতিক ডিজিটাল লিডারশিপ প্রোগ্রাম এর অভিজ্ঞতা বর্ণনায় ড. দিলারা জানালেন, এই সম্মেলনের মাধ্যমে মার্কিন সংস্কৃতি এবং সেখানকার মানুষের সঙ্গে ভালভাবে পরিচিত হওয়ার সুযোগ তৈরি হয়েছে তার। একটি সমাজের আমূল পরিবর্তনের জন্য আত্মকেন্দ্রিকতার বাইরে এসে প্রতিটি সচেতন মানুষের সামাজিক কর্মকাণ্ডে আরও বেশি অংশগ্রহণ নিশ্চিত করতে হবে বলেও জানান তিনি।

বর্তমানে ড. দিলারা বেগম ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান গ্রন্থাগারিক- দক্ষিণ এশিয়ার ডিজিটাল লাইব্রেরী নেটওয়ার্ক (DLNETSA) এর সাধারণ

সম্পাদক,এবং বাংলাদেশ লাইব্রেরি এসোসিয়েশন (ল্যাব)এর সিনিয়র ভাইস প্রেসিডেন্টের দায়িত্ব পালন করছেন । এছাড়াও বিভিন্ন সামাজিক সংগঠনের সাথেও তিনি নিজেকে সম্পৃক্ত রেখেছেন ।

আজকের সমাজে যেখানে নারীদের নানা প্রতিবন্ধকতায় পথ চলতে হয় সেখানে সকল প্রতিবন্ধকতা কাটিয়ে ড. দিলারা বেগম এর এই পথ চলা নিঃসন্দেহে অন্য নারীদের জন্য প্রেরণার অংশ হতে পারে।

সময়ের কর্ণস্বর.কম পরিবারের পক্ষ থেকে ড. দিলারা বেগমের জন্য রইলো নিরন্তর শুবকামনা । নারীদের নিয়ে তার স্বপ্নের বাস্তবায়ন হোক এই প্রত্যাশা ।